গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১১.২০.২২৮ তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৭
১৩ ডিসেম্বর ২০২০

বিষয়: **অবসরপ্রাপ্ত কর্মচারীগণের অবসর গ্রহণের পর বৈদেশিক বা বেসরকারি বা প্রকল্পে চাকরি গ্রহণ, অন্য কোনো পেশা গ্রহণ বা ব্যবসা পরিচালনা এবং বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকার বা কর্তৃপক্ষের অনুমতির প্রযোজ্যতা না থাকা।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং:০৫.০০.০০০০.১৭৩.১১.০০২.১০-২৯১; তারিখ: ২৫.১১.২০২০ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চাকরি হতে অবসর গমনের পর বা অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) আরম্ভের তারিখ হতে 'সরকারি চাকরি আইন ২০১৮' এর ৫২ ধারা মোতাবেক কোনো ব্যক্তি, চুক্তিভিত্তিক কর্মরত থাকা ব্যতীত, বৈদেশিক বা বেসরকারি চাকরি বা কোনো প্রকল্পে চাকরি গ্রহণ, অন্য কোনো পেশা গ্রহণ বা ব্যবসা পরিচালনা এবং বিদেশ যাত্রা বা এতদসংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম; যেমন-নতুন পাসপোর্ট গ্রহণ ও পাসপোর্ট নবায়ন ইত্যাদি ক্ষেত্রে সরকার বা কর্তৃপক্ষের অনুমতির প্রয়োজন হবে না।

এতদসংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

১৩-১২-২০২০
মোহাম্মদ সফিউল আলম
উপসচিব
ফোন: ৯৫৫৯১০৯
ইমেইল: ds.admin@fid.gov.bd

বিতরণ :
১) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান।
২) আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সকল কর্মকর্তা।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০১১.২০.২২৮/১(৩) তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৭
১৩ ডিসেম্বর ২০২০

অনুলিপি :
১) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (প্রশাসন), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩-১২-২০২০

মোহাম্মদ সফিউল আলম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি অনুবিভাগ
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.১১.০০২.১০-২৯১

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
২৫ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

## পরিপত্র

**বিষয়: অবসরপ্রাপ্ত কর্মচারীগণের অবসর গ্রহণের পর বৈদেশিক বা বেসরকারি বা প্রকল্পে চাকরি গ্রহণ, অন্য কোনো পেশা গ্রহণ বা ব্যবসা পরিচালনা এবং বিদেশ ভ্রমণের ক্ষেত্রে সরকার বা কর্তৃপক্ষের অনুমতির প্রযোজ্যতা না থাকা সংক্রান্ত।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, চাকরি হতে অবসর গ্রহণ বা অবসর-উত্তর ছুটি (পি.আর.এল.) আরম্ভের পরও কোনো কোনো কর্মচারী বৈদেশিক বা বেসরকারি বা প্রকল্পে চাকরি গ্রহণ, অন্য কোনো পেশা গ্রহণ বা ব্যবসা পরিচালনা এবং বিদেশ যাত্রার জন্য অনুমতি বা পাসপোর্ট নবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করে থাকেন। 'সরকারি চাকরি আইন ২০১৮' এর ৫২ ধারার বিধান মতে অবসর গ্রহণের পর সংশ্লিষ্ট কর্মচারী সরকার বা কোনো নির্দিষ্ট কর্তৃপক্ষের নিয়ন্ত্রণমুক্ত থাকেন বিধায় এরূপ আবেদনসমূহ নিষ্পত্তিতে শ্রম ও সময়ের অপচয় ঘটছে।

০২। 'সরকারি চাকরি আইন ২০১৮' এর ৫২ ধারা নিম্নরূপ:-

"**৫২। অবসরপ্রাপ্ত কর্মচারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণমুক্ত।**—চাকরি হইতে অবসরে গমনের পর, ধারা ৪৯ এর অধীন চুক্তিভিত্তিক কর্মরত থাকা ব্যতীত কোনো ব্যক্তির বৈদেশিক বা বেসরকারি চাকরি বা কোনো প্রকল্পে চাকরি গ্রহণ, অন্য কোনো পেশা গ্রহণ, ব্যবসা পরিচালনা এবং বিদেশ যাত্রার জন্য সরকার বা কর্তৃপক্ষের অনুমতি গ্রহণের প্রয়োজন হইবে না;

তবে শর্ত থাকে যে, সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষ, কোনো বিশেষ ক্ষেত্রে, অনুরূপ ভিন্ন চাকরি বা পেশা গ্রহণ, ব্যবসা পরিচালনা বা বিদেশ যাত্রা বারিত করিয়া বা উহার ক্ষেত্রে অনুমতি গ্রহণের বাধ্যবাধকতা আরোপ করিয়া আদেশ প্রদান করিতে পারিবে।"

০৩। এমতাবস্থায়, চাকরি হতে অবসর গমনের পর বা অবসর-উত্তর ছুটি (পি.আর.এল.) আরম্ভের তারিখ হতে 'সরকারি চাকরি আইন ২০১৮' এর ৫২ ধারা মোতাবেক কোনো ব্যক্তি, চুক্তিভিত্তিক কর্মরত থাকা ব্যতীত, বৈদেশিক বা বেসরকারি চাকরি বা কোনো প্রকল্পে চাকরি গ্রহণ, অন্য কোনো পেশা গ্রহণ বা ব্যবসা পরিচালনা এবং বিদেশ যাত্রা বা এ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম; যেমন-নতুন পাসপোর্ট গ্রহণ ও পাসপোর্ট নবায়ন ইত্যাদি ক্ষেত্রে সরকার বা কর্তৃপক্ষের অনুমতির প্রয়োজন হবে না।

০৪। উল্লিখিত বিধান অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর ও সংস্থাকে অনুরোধ করা হলো।

২৫/১১/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-৯৫১৪৪৯২
ই-মেইল: reg4@mopa.gov.bd

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩) সিনিয়র সচিব/সচিব,---------------------------------------- বিভাগ /মন্ত্রণালয় (সকল) (তাঁর অধীন অফিস ও সংস্থাসমূহকে অবহিত করার অনুরোধসহ)

৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।

৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।

৬) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৭) সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

২৫/১১/২০২০

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
উপসচিব
ই-মেইল: reg4@mopa.gov.bd

D:\Letter\11.002.10.docx